“আমি কি তোমাদেরকে জান্নাতী লোকদের পরিচয় বলব না? তারা দুর্বল এবং অসহায়; কিন্তু তাঁরা যদি কোন ব্যাপারে আল্লাহর নামে কসম করে বসেন, তাহলে তা পূরণ করে দেন। আমি কি তোমাদেরকে জাহান্নামী লোকদের পরিচয় বলব না? তারা রূঢ় স্বভাব, অধিক মোটা এবং অহংকারী তারাই জাহান্নামী”।

হারিস ইবনু ওয়াহাব খুযাঈ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, “আমি কি তোমাদেরকে জান্নাতী লোকদের পরিচয় বলব না? তারা দুর্বল এবং অসহায়; কিন্তু তাঁরা যদি কোন ব্যাপারে
আল্লাহর নামে কসম করে বসেন, তাহলে তা পূরণ করে দেন। আমি কি তোমাদেরকে জাহান্নামী লোকদের পরিচয় বলব না? তারা রূঢ় স্বভাব, অধিক মোটা এবং অহংকারী তারাই জাহান্নামী”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম জান্নাতী ও জাহান্নামীদের কিছু বৈশিষ্ট্যের বর্ণনা দিয়েছেন। অধিকাংশ জান্নাতী হল: “তারা দুর্বল এবং অসহায়” অর্থাৎ আল্লাহ তাআলার জন্য বিনয়ী অবনত নিজের নফসকে লাঞ্ছিতকারী, যদিও কিছু লোক তাকে দূর্বল জানে এবং নগণ্য জ্ঞান করেন। আল্লাহর জন্য অবনত এই ব্যক্তি যদি আল্লাহর অনুগ্রহের আগ্রহী হয়ে কসম করেন, আল্লাহ তাকে অবশ্যই সত্য প্রমাণিত করবেন এবং সে যার উপর কসম করেছে সেটি তার জন্য বাস্তবায়িত করবেন এবং তার দোয়া ও আহ্বানে সাড়া দিবেন। অধিকাংশ জাহান্নামী হল: প্রত্যেক “রূঢ় স্বভাবের” কঠিন মোটা খুব ঝগড়াটে, অথবা এত অশ্লীল যে কোন কল্যাণের জন্য নত হয় না, “দাম্ভিক” অর্থাৎ অহংকারী, খুব খাদক, মোটা শরীরের অধিকারী, চলনে অভিমানী, খারাপ চরিত্রের অধিকারী “গর্বকারী” সত্যকে প্রত্যাখ্যানকারী এবং অন্যকে ছোট জ্ঞানকারী।

https://sunnah.global/hadeeth/bn/show/3573